

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৫৬

৮/ সাওম (রোজা) (ﷺ ১০)
পরিচ্ছেদঃ যিলহজ্জ মাসের প্রথম) দশকে সিয়াম পালন।

باب مَا جَاءَ فِي صِيَامِ الْعَشْرِ

## আরবী

حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ نَافِعِ الْبَصْرِيُّ، حَدَّتَنَا مَسْعُودُ بْنُ وَاصِلِ، عَنْ نَهَّاسِ بْنِ قَهْم، عَنْ قَتَادَةَ، عَنْ سَعِيد بْنِ الْمُسَيَّب، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قال " مَا مِنْ أَيَّامٍ أَحَبُ إِلَى اللَّهِ أَنْ يُتَعَبَّدَ لَهُ فِيهَا مِنْ عَشْرِ ذِي الْحِجَّةِ يَعْدِلُ صِيَامُ كُلِّ يَوْمٍ مِنْهَا بِقِيَامٍ لَيْلَةِ الْقَدْرِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ مَسْعُود بْنِ وَاصِلٍ عَنِ النَّهَاسِ . قَالَ وَسَأَلْتُ مُحَمَّدًا عَنْ هَذَا الْوَجْهِ مِثْلَ هَذَا . وَقَالَ قَدْ رُويَ عَنْ قَتَادَةَ عَنْ سَعِيد بْنِ الْمُسَيَّبِ عَنِ النَّبِي صلى الله عليه وسلم مُرْسَلاً شَيْءٌ مِنْ هَذَا . وَقَدْ تَكَلَّمَ سَعِيد بْنِ الْمُسَيَّب عَنِ النَّبِي صلى الله عليه وسلم مُرْسَلاً شَيْءٌ مِنْ هَذَا . وَقَدْ تَكَلَّمَ سَعِيد فِي نَهَاسِ بْنِ قَهْمٍ مِنْ قِبَلِ حِفْظِهِ .

## বাংলা

৭৫৬. আবৃ বকর ইবনু নাফি আল বাসরী (রহঃ) ...... আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, এমন কোন দিন নাই যে দিনসমূহের ইবাদত আল্লাহর নিকট যিলহজ্জ মাসের দশ দিনের ইবাদত অপেক্ষা অধিক প্রিয়। এর প্রতিটি দিনের সিয়াম এক বছরের সিয়ামের সমতুল্য। এর প্রতিটি রাতের ইবাদত লায়লাতুল কাদরের ইবাদতের সমতুল্য। - ইবনু মাজাহ ১৭২৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৫৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-গারীব। রাবী মাসঊদ ইবনু ওয়াসিল-নাহ্হাস সূত্র ছাড়া এটি সম্পর্কে আমরা কিছু জানিনা। মুহাম্মদ আল-বুখারী (রহঃ) কে এই হাদীস সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনিও এই সূত্র ছাড়া অনুরূপ কিছু পরিচয় দিতে পারেন নি। তিনি বলেন, কাতাদা-সাঈদ ইবনুল মূসায়্যাব (রহঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে উক্ত হাদীসের কিছু অংশ মুরসাল রিওয়ায়াতে বর্ণিত আছে। ইয়াহইয়া ইবনু সাঈদ (রহঃ) নাহ্হাস ইবনু কাহম এর স্মৃতিশক্তির সমালোচনা করেছেন।



## **English**

Abu Hurairah narrated that:

the Prophet said: "There are no days more beloved to Allah that He be worshipped in them than the ten days of Dhul-Hijjah, fasting every day of them is the equivalent of fasting a year, and standing every night of them (in prayer) is the equivalent of standing on the Night of Qadr."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন